# আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২ : ২

## আরবি মূল আয়াত:

وَ كِتٰبٍ مَّسۡطُوۡرٍ ﴿۲﴾

## অনুবাদসমূহ:

আর কসম কিতাবের যা লিপিবদ্ধ আছে। — আল-বায়ান

শপথ কিতাবের যা লিখিত — তাইসিরুল

শপথ কিতাবের, যা লিখিত আছে – — মুজিবুর রহমান

And [by] a Book inscribed — Sahih International

২. শপথ কিতাবের, যা লিখিত আছে(১)

(১) লিখিত কিতাব বলে মানুষের আমলনামা বোঝানো হয়েছে, না হয় কোন কোন তফসীরবিদের মতে পবিত্র কুরআন বোঝানো হয়েছে। আবার কারো কারো মতে এর দ্বারা লাওহে মাহফুজই বুঝানো হয়েছে। কারো কারো মতে এর দ্বারা সকল আসমানী কিতাবকে বোঝানো হয়েছে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২) শপথ কিতাবের, যা লিখিত আছে, [1]

[1] مَسْطُوْرٍ এর অর্থ হল লিপিবদ্ধ। লিখিত বস্তু। কিন্তু এখানে তা থেকে বিভিন্ন জিনিসকে বুঝানো হয়েছে। যেমন, কুরআন মাজীদ, লাওহে মাহফূয, সমস্ত অবতীর্ণ কিতাব অথবা মানুষের সেই আমলনামা, যা ফিরিশতাগণ লিখে থাকেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4737

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন